# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৬.২৩-৮২

তারিখঃ ০৬/০৫/১৪৩০ বঙ্গাঃ
২১/০৮/২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব ইউসুব মিয়া (আইডি নং-৯০০৮১৫০০১), উপ-সহকারী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ-কে গত ১২-০১-২০২৩ ইং তারিখে ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন সংশোধনী আইন ২০০৩ এর ১১(গ) (মামলা নং-১৬১/২০২৩ জি. আর নং-০৮/২০২৩ (শিবচর)) ধারায় গ্রেপ্তার করা হয়। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৫) মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৬.২৩-১৭ তারিখঃ ০৩/০৩/২০২৩খ্রিঃ এর মাধ্যমে তাকে ১২/০১/২০২৩ খ্রিঃ তারিখ হতে অর্থাৎ গ্রেফতারের তারিখ হতে বাপাউবো'র চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। পরবর্তীতে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালত, মাদারীপুর গত ১৬/০৪/২০২৩খ্রিঃ তারিখে জনাব ইউসুব মিয়াকে মামলা(মামলা নং-১৬১/২০২৩ জি. আর নং-০৮/২০২৩ (শিবচর)) হতে অব্যাহতি প্রদান করে । এতদপ্রেক্ষিতে জনাব ইউসুব মিয়া তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক স্ব-পদে পুনর্বহাল এবং বরখাস্তকালীন সময়কালকে পূর্ণ বেতনে কর্তব্যরত হিসেবে গণ্য করার বিষয়ে মামলার আদেশনামার কপি সংযোজনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করেন।

২। জনাব ইউসুব মিয়ার মামলা হতে অব্যাহতির আদেশনামার সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, নারায়নগঞ্জ এবং বোর্ডের আইন বিভাগে প্রেরণ করা হয়। আইন বিভাগ এবং ড্রেজার অপারেশন বিভাগ, নারায়নগঞ্জ কর্তৃক বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, মাদারীপুর এর নারী ও শিশু মামলা নং-১৬১/২০২৩ এর ১৬/০৪/২০২৩ তারিখের আদেশনামার সার্টিফায়েড কপির সঠিকতা রয়েছে বলে মতামত প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালত, মাদারীপুর এর মামলা নং-১৬১/২০২৩ জি. আর নং-০৮/২০২৩ (শিবচর) এর ১৬/০৪/২০২৩ খ্রিঃ তারিখের আদেশে জনাব ইউসুব মিয়া (আইডি নং-৯০০৮১৫০০১), উপ-সহকারী প্রকৌশলী ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ-কে উক্ত মামলা হতে অব্যাহতি প্রদান করায় তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক তাকে চাকুরীতে স্ব-পদে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৬(২) এবং বি এস আর, পার্ট-১ এর বিধি ৭২(এ) মোতাবেক তার সাময়িক বরখাস্তকালীন সময় তিনি পূর্ণ বেতনে কর্মরত ছিলেন এই মর্মে গণ্য করা হলো।

৪। এতে মহপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২১/০৮/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

অঃপৃঃদ্রঃ

E:\Bayezid\O. O. for dismissal\N.ganj.doc1

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৬.২৩-৮২(১২)

তারিখঃ ০৬/০৫/১৪৩০ বঙ্গাঃ
২১/০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১. অতিঃ প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৩. পরিচালক/তত্ত্বাবধায় প্রকৌশলী, কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৭. উপ-বিভাগীয় প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৮. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১০. জনাব ইউসুব মিয়া (আইডি নং-৯০০৮১৫০০১), উপ-সহকারী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।

২২/০৮/২০২৩

(মোঃ শামীম হোসেন)
উপপরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১
টেলিফোন নম্বরঃ ৮৮০২২২২২৩০০৭৯

ডায়েরী নং
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ
■ জরুরী/অতি জরুরী
■ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
■ নথিতে পেশ করুন
■ আলোচনা করুন
■ নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।